

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১১০/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ০৩ মার্চ, রবিবার ২০২৪, ১৯ ফাল্গুন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। যেকোনো পরিস্থিতি মোকাবেলায় সশস্ত্র বাহিনীকে সক্ষম করে তোলা হচ্ছে
- ০২। অবৈধ বা যন্ত্রপাতিহীন হাসপাতাল বন্ধে অভিযান চলবে
- ০৩। দেশে এখন ভোটার ১২ কোটি ১৮ লাখ ৫০ হাজার
- ০৪। সিটি নির্বাচন সামনে রেখে এগিয়ে চলেছে প্রার্থীদের প্রচারণা

০১। যেকোনো পরিস্থিতি মোকাবেলায় সশস্ত্র বাহিনীকে সক্ষম করে তোলা হচ্ছে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তার সরকার যে কোনো পরিস্থিতি মোকাবেলায় দেশের সশস্ত্র বাহিনীকে আধুনিক, সমন্বয়যোগী ও প্রযুক্তি জ্ঞান সম্পন্ন হিসেবে গড়ে তুলতে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। যাতে তারা পরিস্থিতি মোকাবেলায় সক্ষম হয়। তিনি বলেন, আমরা চাই আমাদের এই সশস্ত্র বাহিনী দেশের যেকোনো পরিস্থিতি মোকাবেলায় উপযুক্ত ভাবে গড়ে উঠবে। শেখ হাসিনা গতকাল শনিবার (২ মার্চ) সকালে রাজশাহী সেনানিবাসে 'বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্টাল সেন্টার'তথা 'বীর'এর ৩য় পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথি'র ভাষণে একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস।

০২। অবৈধ বা যন্ত্রপাতিহীন হাসপাতাল বন্ধে অভিযান চলবে

অবৈধ বা যন্ত্রপাতিহীন হাসপাতাল বন্ধে অভিযান চলবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. সামন্ত লাল সেন। গতকাল শনিবার (২ মার্চ) ঢাকায় রেডিসন ব্লু হোটেলে বাংলাদেশ সোসাইটি অফ মেডিসিন আয়োজিত ২৩তম ইন্টারন্যাশনাল কংগ্রেস এবং সাইন্টিফিক সেমিনার ২০২৪ এর উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সরকারের পাশাপাশি বেসরকারি হাসপাতালও থাকবে। কিন্তু সেসব হাসপাতালগুলোকে নিয়ম মেনে যা যা ক্রাইটেরিয়া দরকার সেগুলো মেনে যদি হাসপাতাল চলে কোন আপত্তি নেই। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস।

০৩। দেশে এখন ভোটার ১২ কোটি ১৮ লাখ ৫০ হাজার

হালনাগাদ শেষে দেশের ভোটার বেড়ে দাঁড়ালো ১২ কোটি ১৮ লাখ ৫০ হাজার ১৬০ জনে। গতকাল শনিবার (২ মার্চ) এমন তথ্য জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সংস্থাটির জনসংযোগ পরিচালক মো. শরিফুল আলম বলেন, ২০২৩ সালের ২ মার্চ ভোটার ছিল ১১ কোটি ৯১ লাখ ৫১ হাজার ৪৪০ জন। এখন হালনাগাদ শেষে ভোটার সংখ্যা দাঁড়িয়েছে ১২ কোটি ১৮ লাখ ৫০ হাজার ১৬০ জন। তিনি আরো জানান, তাদের মধ্যে পুরুষ ভোটার ৬ কোটি ২১ লাখ ৪৪ হাজার ৫৮৭ জন, আর নারী ভোটার ৫ কোটি ৯৭ লাখ ৪ হাজার ৬৪১ জন। আর হিজড়া ভোটার ৯৩২ জন। এবার ভোটার বেড়েছে ২ দশমিক ২৬ শতাংশ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস।

০৪। সিটি নির্বাচন সামনে রেখে এগিয়ে চলেছে প্রার্থীদের প্রচারণা

আগামী ০৯ মার্চ ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনকে সামনে রেখে প্রার্থীদের প্রচারণা চলছে। শনিবার (০২ মার্চ) মেয়র প্রার্থী মো. ইকরামুল হক টিটু নগরীর ১৩ ও ১৬ নং ওয়ার্ডে গণসংযোগ করেন। মেয়র প্রার্থী এহতেশামুল আলম এদিন দুপুরে ময়মনসিংহ প্রেসক্লাব মিলনায়তনে সংবাদ সম্মেলনে ২০ দফা নির্বাচনী ইশতেহার ঘোষণা করেন। এদিকে নগরীর বিভিন্ন ওয়ার্ডে কাউন্সিলর ও মহিলা কাউন্সিলর প্রার্থীগণ মাইকিং ও লিফলেট বিতরণসহ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে গণসংযোগ চালিয়ে যাচ্ছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** খাদ্য পণ্যে মূল্যস্ফীতির কারণে নিম্ন আয়ের মানুষের দুর্ভোগ কতটা বেড়েছে, তা বলার অপেক্ষা রাখে না। কাজেই সিভিকিটের কারসাজি বন্ধ করতে হবে। একই সঙ্গে মধ্যস্থভোগীদের কারসাজি বন্ধ করতেও বাস্তবমুখী পদক্ষেপ নিতে হবে। খাদ্য পণ্যের অপচয় ও পচন রোধেও নিতে হবে যথাযথ পদক্ষেপ।
- (খ) **দৈনিক স্বজন:** ঢাকা শহরে দূষণের সবচেয়ে বড় কারণ হলো এর চারপাশে গড়ে ওঠা শত শত অবৈধ ইটভাটা। শুধু ঢাকা নয়, সারাদেশে রয়েছে এরকম অসংখ্য স্থাপনা, যেগুলো বায়ু দূষণের মূল কারণ। অবিলম্বে ইটভাটার এই নৈরাজ্য বন্ধ হোক। মানুষের জীবন বাজাতে হলে পরিবেশকে রক্ষা করার বিকল্প নেই।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** কখন কার জন্য মৃত্যু কোথায় ফাঁদ পেতে আছে- আমরা কেউ জানিনা। আর এই মৃত্যুফাঁদ থেকে আমাদের বাঁচানোর কোন কার্যকর উদ্যোগও চোখে পড়ে না। গত বৃহস্পতিবার রাতে রাজধানীর বেইলি রোডে বহুতল একটি ভবনে অগ্নিকাণ্ডে অন্তত ৪৬ জনের মৃত্যু হয়েছে। এরপর হয়তো আরেকটি ঘটনা এসে বেইলি রোডের ঘটনার বেদনাকে বিস্মৃতির অতলে নিয়ে যাবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। মাঠ প্রশাসনে সুশাসন জবাবদিহিতা ও উন্নয়ন-মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। (দৈনিক স্বজন ও আজকের বাংলাদেশ)
- ০২। অর্থনৈতিক মুক্তির জন্য ঐক্যবদ্ধতা জরুরী-ড. সুলতান মাহমুদ রানা। (দৈনিক নিউ টাইমস)
- ০৩। ভাষা আন্দোলন ও বঙ্গবন্ধু- আর কে চৌধুরী। (দৈনিক আজকের ময়মনসিংহ)

#